# ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়

**রেজিস্ট্রারের কার্যালয়**

বছিলা, মোহাম্মদপুর, ঢাকা-১২৩১

www.iau.edu.bd

---

স্মারক নং- ইআবি/একা-৩৮/কা.প্রা.রেজি/২০১৭/০০০৮৫৮ তারিখ ঃ ১২ ভাদ্র ১৪৩২ বাং; ২৭ আগস্ট ২০২৫ খ্রি;

**২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি প্রাইভেট রেজিস্ট্রেশন সংক্রান্ত বিজ্ঞপ্তি**

ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের প্রাথমিক পাঠদানের অনুমতিপ্রাপ্ত ও অধিভুক্ত সকল কামিল মাদরাসাসমূহের অধ্যক্ষসহ সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ২০২৩-২০২৪ শিক্ষাবর্ষে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি শ্রেণিতে প্রাইভেট রেজিস্ট্রেশনে আগ্রহী শিক্ষার্থীরা নিম্নোক্ত যোগ্যতা ও শর্তাবলী পূরণ সাপেক্ষে রেজিস্ট্রেশন করতে হবে।

**১। রেজিস্ট্রেশনের যোগ্যতাঃ**

(ক) ফাজিল স্নাতক (পাস) নিয়মিত চূড়ান্ত পরীক্ষা-২০২১ পর্যন্ত উত্তীর্ণ সকল ছাত্র-ছাত্রী।

(খ) ইসলামী বিশ্ববিদ্যালয়, কুষ্টিয়ার অধীনে ফাজিল ৩০০ নম্বরের বিশেষ পরীক্ষায় উত্তীর্ণ সকল ছাত্র-ছাত্রী।

(গ) ফাজিল স্নাতক (পাস) প্রাইভেট পরীক্ষায় উত্তীর্ণ সকল ছাত্র-ছাত্রী।

(ঘ) কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি চূড়ান্ত পরীক্ষা-২০২০ পর্যন্ত নিয়মিত পরীক্ষার্থী হিসেবে উত্তীর্ণ সকল ছাত্র-ছাত্রী অন্য যেকোন বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে।

(ঙ) কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি চূড়ান্ত পরীক্ষা-২০২২ পর্যন্ত প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে উত্তীর্ণ সকল ছাত্র-ছাত্রী অন্য যেকোন বিষয়ে প্রাইভেট পরীক্ষার্থী হিসেবে রেজিস্ট্রেশন করতে পারবে।

(চ) ফাজিল স্নাতক (অনার্স) ও কামিল (স্নাতকোত্তর) মাস্টার্স ১ বছর মেয়াদি ডিগ্রি অর্জনকারী একজন শিক্ষার্থী পরবর্তীতে অনিয়মিত শিক্ষার্থী হিসাবে কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি ডিগ্রি অর্জন করতে পারবে।

**২। রেজিস্ট্রেশনের সময়সূচীঃ**

(ক) সংশ্লিষ্ট মাদরাসায় রেজিস্ট্রেশনের তারিখ: ০১/০৯/২০২৫খ্রি. হতে ২৬/১০/২০২৫খ্রি. পর্যন্ত।

(খ) অনলাইন রেজিস্ট্রেশনের তারিখ: ২৭/১০/২০২৫খ্রি. হতে ০৯/১১/২০২৫খ্রি. তারিখের মধ্যে সংশ্লিষ্ট মাদরাসা রেজিস্ট্রেশনকৃত সকল ছাত্র-ছাত্রীর অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করবে।পরবর্তীতে ১০/১১/২০২৫ খ্রি. হতে ১৩/১১/২০২৫খ্রি. তারিখের মধ্যে Final Submit দিতে হবে।

**৩। রেজিস্ট্রেশন ফি':**

| **কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি প্রাইভেট** | **প্রতি শিক্ষার্থী** | **সংশ্লিষ্ট মাদরাসা রাখবে** | **বিশ্ববিদ্যালয়ে জমা দিতে হবে** |
|---|---|---|---|
| রেজিস্ট্রেশন ফি' | ৮০০/- (আটশত) টাকা | - | ৮০০/- |
| আবেদন ফি' | ৩০০/- (তিনশত) টাকা | ১০০/- | ২০০/- |
| | | সর্বমোট | ১০০০/- (এক হাজার) টাকা |

৪। **ব্যাংকের অনলাইন স্লিপ ও eSIF List সহ আনুষাঙ্গিক কাগজপত্র জমা দেয়ার তারিখ ও নিয়মাবলী:**

(ক) ছাত্র-ছাত্রীদের নিকট থেকে আদায়কৃত ১০০০/-(এক হাজার) টাকা সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/প্রতিনিধিকে ২৭/১০/২০২৫খ্রি. তারিখ থেকে ০৪/১১/২০২৫খ্রি. তারিখের মধ্যে বিশ্ববিদ্যালয়ের payslip ডাউনলোডপূর্বক payslip এ উল্লেখিত তারিখের মধ্যে জমা দিতে হবে। অনলাইন রেজিস্ট্রেশন সম্পন্ন করে পরবর্তী ৭ (সাত) কর্মদিবসের মধ্যে সংশ্লিষ্ট মাদরাসার অধ্যক্ষ/অধ্যক্ষ কর্তৃক মনোনীত প্রতিনিধি কর্তৃক অনলাইন payslip এর মূল কপি ও এক কপি esif লিস্টসহ আনুষাঙ্গিক কাগজপত্র সরাসরি/ডাকযোগে/কুরিয়ার সার্ভিসের মাধ্যমে বিশ্ববিদ্যালয়ের একাডেমিক শাখায় জমা দিতে হবে।

(খ) **ফি-জমা দেয়ার নিয়মাবলী ঃ**

| | |
|---|---|
| প্রথম ধাপ | : **iau.edu.bd/Payment** তে প্রবেশ করুন। |
| দ্বিতীয় ধাপ | : **EIIN ও Password দিয়ে Login** করুন। |
| তৃতীয় ধাপ | : **Admission & Registration Fee তে ক্লিক করে প্রয়োজনীয় তথ্য পূরণপূর্বক Save এ ক্লিক করুন।** |
| চতুর্থ ধাপ | : **Payslip Download করে ব্যাংকে টাকা জমা দিন।** **(Payslip Download) করতে সমস্যা হলে জনাব মোঃ রুমী কিসলু, সহকারী পরিচালক (অর্থ ও হিসাব দপ্তর) ০১৭১৮-৯৫৫৫৯৬ এই নাম্বারে যোগাযোগ** করুন। |

৫। **সাধারণ শর্তাবলী:**

(ক) কামিল স্নাতকোত্তর (২ বছর মেয়াদী) প্রাইভেট রেজিস্ট্রেশনের আবেদনের সাথে দাখিল, আলিম ও ফাজিল পরীক্ষা পাসের মূল সনদ/একাডেমিক ট্রান্সক্রিপ্ট সংশ্লিষ্ট মাদরাসাকে সংরক্ষণ করতে হবে।

(খ) মাদরাসায় কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি পর্যায়ে যে বিভাগ চালু আছে ছাত্র-ছাত্রীরা সেই সকল বিভাগে রেজিস্ট্রেশন করতে পারবে।

(গ) রেজিস্ট্রেশনের মেয়াদ ৪ (চার) বছর পর্যন্ত বহাল থাকবে।

(ঘ) কামিল (স্নাতকোত্তর) ২ বছর মেয়াদি প্রাইভেট রেজিস্ট্রেশনকৃত ছাত্র-ছাত্রীদের নিয়মিত পরীক্ষার্থীদের সাথে একই সিলেবাস ও বিধি মোতাবেক পরীক্ষায় অংশগ্রহণ করতে হবে।

(ঙ) চাকুরীরতদের ক্ষেত্রে শর্ত ঠিক থাকলে যথাযথ কর্তৃপক্ষের অনুমতিক্রমে রেজিস্ট্রেশনের জন্য আবেদন করতে হবে।

(চ) ছাত্র-ছাত্রীদের রেজিস্ট্রেশন প্রক্রিয়া সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে উল্লিখিত সময়ের পর আবেদন করা যাবে না।

৬। রেজিস্ট্রেশন সংক্রান্ত যে কোন শর্ত বাতিল বা পরিবর্তনের ক্ষমতা বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করে।

ভাইস-চ্যান্সেলর মহোদয়ের অনুমোদনক্রমে

<u>প্রয়োজনে যোগাযোগের জন্য</u>
০১৭১৯-৫০৭১২৩ (একাডেমিক শাখা)
০১৭০৯-৩৮৯০০৭ (আইসিটি শাখা)

২৭/১০/২৫

রেজিস্ট্রার
ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়
e-mail : iau.registr@gmail.com